

# মিউচ্যুয়াল ফান্ড

সুচিন্তিত বিনিয়োগ পছন্দ

সম্পদ ব্যবস্থাপক

**আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড**

আইসিবি'র একটি সাবসিডিয়ারি প্রতিষ্ঠান

## পরিচিতি

ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) এর পুনর্গঠন কার্যক্রমের অংশ হিসেবে এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক ও বাংলাদেশ সরকারের যৌথ উদ্যোগে সূচিত ক্যাপিটাল মার্কেট ডেভেলপমেন্ট প্রোগ্রাম (সিএমডিপি) এর অধীনে এবং আইসিবি অধ্যাদেশ-এ প্রদত্ত ক্ষমতাবলে মিউচ্যুয়াল ফান্ড ব্যবস্থাপনার উদ্দেশ্যে আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড (আইএএমসিএল) গঠিত হয়। সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১-এর অধীনে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক ১৪ অক্টোবর ২০০১ তারিখে কোম্পানিটি নিবন্ধিত হয়ে ০১ জুলাই ২০০২ তারিখ থেকে ব্যবসায়িক কার্যক্রম শুরু করে। ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ আইন-২০১৪, কোম্পানি আইন-১৯৯৪ এবং বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন-এর বিধি-বিধান ও নীতিমালা দ্বারা কোম্পানি পরিচালিত হচ্ছে। আইএএমসিএল দেশের বৃহত্তম এবং দ্রুত সম্প্রসারণশীল সম্পদ ব্যবস্থাপক কোম্পানি হিসেবে ইতোমধ্যেই নিজেকে প্রতিষ্ঠিত করেছে এবং দেশের মিউচ্যুয়াল ফান্ড ইন্ডাস্ট্রিকে বিপুলভাবে সক্রিয় করতে সক্ষম হয়েছে।

## কার্যাবলী

- মেয়াদি এবং বে-মেয়াদি মিউচ্যুয়াল ফান্ড বাজারজাতকরণ ও ব্যবস্থাপনা;
- দেশের মিউচ্যুয়াল ফান্ড ইন্ডাস্ট্রি তথা পুঁজিবাজার উন্নয়নে ভূমিকা পালন; এবং
- বিনিয়োগ ব্যবস্থাপনা।

## সেবাসমূহ

- নিরাপদ বিনিয়োগ সুবিধা এবং ঝুঁকি সমন্বিত নিয়মিত লভ্যাংশ প্রদান;
- অটো ডেবিট প্রক্রিয়ায় সিস্টেমেটিক ইনভেস্টমেন্ট প্ল্যান (এসআইপি) এর সুবিধা;
- ক্রমপুঞ্জিভূত বিনিয়োগ পরিকল্পনা (সিআইপি) এর সুবিধা;
- নির্দিষ্ট সীমা পর্যন্ত আয়কর অব্যাহতির সুযোগ;
- এসএমএস-এর মাধ্যমে ইউনিট সার্টিফিকেট ইস্যু ও বিতরণ, লভ্যাংশ প্রদান, এসআইপি-এর কর্তনসহ বিভিন্ন তথ্যাদি বিনিয়োগকারীগণকে অবহিতকরণ;
- ত্রৈমাসিক ভিত্তিতে সংশ্লিষ্ট ফান্ডের পোর্টফলিও, বিনিয়োগকারীগণের চাহিদা অনুযায়ী লেজার স্টেটমেন্ট, বাৎসরিক আয়কর সার্টিফিকেট, বিনিয়োগ সার্টিফিকেট প্রভৃতি ই-মেইলের মাধ্যমে প্রেরণ;
- বিভিন্ন ধরণ ও বৈশিষ্ট্যের মিউচ্যুয়াল ফান্ডে বিনিয়োগের সুযোগ;
- বিক্রয় প্রতিনিধির মাধ্যমে সেবা প্রদান; এবং
- শারীয়াহ্ ভিত্তিক এবং পেনশন হোল্ডারগণের বিনিয়োগ সুবিধা।

## মিউচ্যুয়াল ফান্ড ব্যবস্থাপনা

আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড-এর ব্যবস্থাধীনে বর্তমানে ১৫ (পনের) টি বে-মেয়াদি এবং ১০ (দশ) টি মেয়াদিসহ মোট ২৫ (পঁচিশ) টি মিউচ্যুয়াল ফান্ড পরিচালিত হচ্ছে। কোম্পানি প্রজ্ঞার সাথে ফান্ডসমূহ পরিচালনা করে আসছে এবং নিয়মিতভাবে বিনিয়োগকারীগণকে লভ্যাংশ প্রদান করছে। কোম্পানির ব্যবস্থাধীনে নিম্নোক্ত মিউচ্যুয়াল ফান্ডসমূহ পরিচালিত হচ্ছে:

| বে-মেয়াদি মিউচ্যুয়াল ফান্ড | |
|---|---|
| নন-সিডিএস | |
| ০১। আইসিবি এএমসিএল ইউনিট ফান্ড | ০২। আইসিবি এএমসিএল পেনশন হোল্ডারস্ ইউনিট ফান্ড |
| ০৩। বাংলাদেশ ফান্ড | ০৪। আইসিবি এএমসিএল কনভার্টেড ফার্স্ট ইউনিট ফান্ড |
| ০৫। আইসিবি এএমসিএল ইসলামিক ইউনিট ফান্ড | |

| বে-মেয়াদি মিউচ্যুয়াল ফান্ড | |
|---|---|
| সিডিএস | |
| ০৬। ফার্স্ট আইসিবি ইউনিট ফান্ড | ০৭। সেকেন্ড আইসিবি ইউনিট ফান্ড |
| ০৮। থার্ড আইসিবি ইউনিট ফান্ড | ০৯। ফোর্থ আইসিবি ইউনিট ফান্ড |
| ১০। ফিফথ্ আইসিবি ইউনিট ফান্ড | ১১। সিক্সথ্ আইসিবি ইউনিট ফান্ড |
| ১২। সেভেনথ্ আইসিবি ইউনিট ফান্ড | ১৩। এইটথ্ আইসিবি ইউনিট ফান্ড |
| ১৪। আইসিবি এএমসিএল সেকেন্ড এনআরবি ইউনিট ফান্ড | ১৫। আইসিবি এএমসিএল শতবর্ষ ইউনিট ফান্ড |

| মেয়াদি মিউচ্যুয়াল ফান্ড | |
|---|---|
| সিডিএস | |
| ০১। প্রাইম ফাইন্যান্স ফার্স্ট মিউচ্যুয়াল ফান্ড | ০২। আইসিবি এএমসিএল সেকেন্ড মিউচ্যুয়াল ফান্ড |
| ০৩। আইসিবি এমপ্লয়ীজ প্রভিডেন্ট মিউচ্যুয়াল ফান্ড ওয়ানঃ স্কীম ওয়ান | ০৪। প্রাইম ব্যাংক ফার্স্ট আইসিবি এএমসিএল মিউচ্যুয়াল ফান্ড |
| ০৫। ফিনিক্স ফাইন্যান্স ফার্স্ট মিউচ্যুয়াল ফান্ড | ০৬। আইসিবি এএমসিএল থার্ড এনআরবি মিউচ্যুয়াল ফান্ড |
| ০৭। আইএফআইএল ইসলামিক মিউচ্যুয়াল ফান্ড-১ | ০৮। আইসিবি এএমসিএল সোনালী ব্যাংক লিমিটেড ফার্স্ট মিউচ্যুয়াল ফান্ড |
| ০৯। আইসিবি এএমসিএল ফার্স্ট অগ্রণী ব্যাংক মিউচ্যুয়াল ফান্ড | ১০। আইসিবি এএমসিএল সিএমএসএফ গোল্ডেন জুবিলি মিউচ্যুয়াল ফান্ড |

কোম্পানি উপর্যুক্ত ফান্ডসমূহের অন্তর্ভুক্ত নিম্নোক্ত দু'টি বিশেষায়িত বে-মেয়াদি মিউচ্যুয়াল ফান্ড পরিচালনা করছে:

**ক) আইসিবি এএমসিএল পেনশন হোল্ডারস্ ইউনিট ফান্ড**

শুধুমাত্র সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত সংস্থা, সেক্টর কর্পোরেশন, রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান, বীমা কর্পোরেশন হতে অবসরপ্রাপ্ত কর্মচারীগণ যারা পেনশন বা গ্রাচ্যুইটি স্কীম গ্রহণ করেছেন, কেবল তারাই এ ফান্ডে বিনিয়োগ করতে পারেন।

**ক) আইসিবি এএমসিএল ইসলামিক ইউনিট ফান্ড**

যে সকল বিনিয়োগকারী সুদমুক্ত মুনাফা অর্জনে আগ্রহী তাদের জন্যই এ ফান্ডটি গঠন করা হয়েছে। এ ফান্ডে বিনিয়োগের মাধ্যমে একজন বিনিয়োগকারী বছরান্তে সুদমুক্ত আকর্ষণীয় মুনাফা অর্জনের সুযোগ গ্রহণ করতে পারেন। ফান্ডের বিনিয়োগ কার্যক্রম শারীয়াহ্ নীতিমালা অনুযায়ী পরিচালিত হচ্ছে কি না তা তদারকির জন্য একটি শারীয়াহ্ অ্যাডভাইজরি বোর্ড রয়েছে।

**ইউনিট ক্রয়**

নির্ধারিত আবেদন ফর্ম সঠিকভাবে পূরণ করে নন-সিডিএসভুক্ত ফান্ডের ইউনিট ক্রয় করা যায়। বিক্রয় প্রতিনিধির অফিস অথবা আমাদের ওয়েবসাইট (www.icbamcl.com.bd) থেকে ডাউনলোড করে আবেদন ফর্ম সংগ্রহ করা যায়। পূরণকৃত আবেদন ফর্মের সাথে সংশ্লিষ্ট ইউনিট ফান্ডের অনুকূলে অ্যাকাউন্ট পেয়ি চেক/পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট-এর মাধ্যমে ইউনিট সার্টিফিকেট ক্রয় করা যায়। এ সংক্রান্ত সকল প্রকার লেনদেন অবশ্যই বাংলাদেশি টাকায় হবে। অন্যদিকে, সিডিএসভুক্ত ফান্ডসমূহে বিনিয়োগে আগ্রহী ব্যক্তিকে তার নিজের ধারণকৃত বিও হিসাব সংক্রান্ত তথ্যাদি আবেদন ফর্মে সঠিকভাবে উল্লেখ করতে হবে। অন্যান্য শর্তাবলী নন-সিডিএস ফান্ডের ন্যায় হবে। এছাড়াও, এসআইপি'র মাধ্যমে বিনিয়োগ করলে গ্রাহকের ব্যাংক হিসাব হতে অটো ডেবিট প্রক্রিয়ায় মাসিক ভিত্তিতে ইউনিট বিক্রয়ের অর্থ সংগ্রহ করা হয়।

### ইউনিট ক্রয়ের সীমা

আইসিবি এএমসিএল ইউনিট-এর ক্ষেত্রে ন্যূনতম ২০ (বিশ) ইউনিট, আইসিবি এএমসিএল কনভার্টেড ফার্স্ট ইউনিট ফান্ড-এর ক্ষেত্রে ন্যূনতম ১০০০ (এক হাজার) ইউনিট, আইসিবি এএমসিএল পেনশন হোল্ডারস্ ইউনিট ফান্ড, বাংলাদেশ ফান্ড ও আইসিবি এএমসিএল ইসলামিক ইউনিট ফান্ড-এর ক্ষেত্রে ন্যূনতম ১০০ (একশত) ইউনিট একক/যৌথ নামে ক্রয় করা যায়। সিডিএসভুক্ত ফান্ডসমূহে ন্যূনতম ১০০ (একশত) ইউনিট একক/যৌথ নামে ক্রয় করা যায়। তবে এসআইপি'র ক্ষেত্রে এই ন্যূনতম ক্রয়সীমা প্রযোজ্য হবে না।

### ইউনিট সারেন্ডার/পুনঃক্রয়

ইউনিট হোল্ডারগণ নির্ধারিত সারেন্ডার ফর্ম পূরণপূর্বক ধারণকৃত ইউনিট সার্টিফিকেটসহ সম্পদ ব্যবস্থাপক অথবা মনোনীত বিক্রয় প্রতিনিধির নিকট জমা প্রদান করে সারেন্ডার/পুনঃক্রয় কার্যক্রম সম্পাদন করতে পারেন। এক্ষেত্রে কোন পূর্ব নোটিশ প্রদানের প্রয়োজন নেই। সারেন্ডার/পুনঃক্রয়ের অর্থ গ্রাহকের ব্যাংক হিসাবে একাউন্ট পেয়ি চেক/বিইএফটিএন/আরটিজিএস এর মাধ্যমে প্রদান করা হয়ে থাকে।

### ইউনিটের মূল্য নির্ধারণ

আইএএমসিএল কর্তৃক সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ অনুসরণে প্রতি সপ্তাহে ফান্ডসমূহের নিট সম্পদ মূল্য নির্ণয়ের মাধ্যমে ইউনিটের বিক্রয় ও পুনঃক্রয় মূল্য নির্ধারণ করা হয়ে থাকে। ইউনিটের বিক্রয় ও পুনঃক্রয় মূল্যের যে কোন পরিবর্তন কোম্পানির নোটিশ বোর্ড ও ওয়েবসাইট (www.icbamcl.com.bd) এবং জাতীয় দৈনিক পত্রিকায় আবশ্যিকভাবে প্রকাশ করা হয়।

### বার্ষিক প্রতিবেদন এবং হিসাব

ফান্ডের বার্ষিক প্রতিবেদনের সারসংক্ষেপ এবং ত্রৈমাসিক, অর্ধ-বার্ষিক ও বাৎসরিক হিসাব কোম্পানির ওয়েবসাইট ও জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশিত হয়ে থাকে। আইএএমসিএল-এর কার্যালয় হতে একজন বিনিয়োগকারী বার্ষিক প্রতিবেদন এবং হিসাব সংগ্রহ করতে পারেন।

### প্রফেশনাল কাউন্সেলিং

আইএএমসিএল-এর কার্যালয় এবং মনোনীত বিক্রয় প্রতিনিধির দপ্তর হতে আগ্রহী বিনিয়োগকারীগণকে প্রফেশনাল কাউন্সেলিং প্রদান করা হয়ে থাকে।

### সিস্টেমেটিক ইনভেস্টমেন্ট প্ল্যান (এসআইপি)

একজন বিনিয়োগকারী অটো ডেবিট প্রক্রিয়ায় সিস্টেমেটিক ইনভেস্টমেন্ট প্ল্যান (এসআইপি) স্কীমে মাসিক, ত্রৈমাসিক, অর্ধ-বার্ষিক অথবা বার্ষিক ভিত্তিতে ডিসকাউন্ট মূল্যে নির্ধারিত সময়ের জন্য ফান্ডে বিনিয়োগ করতে পারবেন। বিনিয়োগকারীগণ অল্প পরিমাণে যেমন ন্যূনতম ১,০০০.০০ বা এর গুণিতক যে কোন পরিমাণ অর্থ বিনিয়োগের মাধ্যমে এসআইপি শুরু করতে পারেন। স্কীমটি কমপক্ষে ৩ (তিন) বছর বা আইএএমসিএল কর্তৃক নির্ধারিত অন্য কোনও সময়ের জন্য প্রযোজ্য হবে।

### ক্রমপুঞ্জিভূত বিনিয়োগ পরিকল্পনা (সিআইপি)

ক্রমপুঞ্জিভূত বিনিয়োগ পরিকল্পনা বা Cumulative Investment Plan (CIP) স্কীমের আওতায় একজন ইউনিট হোল্ডার নগদ লভ্যাংশ গ্রহণের পরিবর্তে অর্জিত লভ্যাংশ আয় পুনঃবিনিয়োগ করতে পারেন। সিআইপি স্কীমের আওতায় নগদ লভ্যাংশের পরিবর্তে ১০০.০০ (একশত) টাকা অভিহিত মূল্যের ইউনিটের ক্ষেত্রে বছরের শুরুর বিক্রয় মূল্য হতে ১.০০ (এক) টাকা ছাড়ে এবং ১০.০০ (দশ) টাকা অভিহিত মূল্যের ইউনিটের ক্ষেত্রে বছরের শুরুর বিক্রয় মূল্য হতে ০.১০ (দশ পয়সা) ছাড়ে ইউনিট হোল্ডারের অনুকূলে সিআইপি ইউনিট ইস্যু করা হয়ে থাকে। প্রবাসী যে সকল বিনিয়োগকারী প্রতিবছর দেশে আসতে পারেন না তাদের জন্য সিআইপি একটি সেরা বিনিয়োগ বিকল্প।

## ইউনিট সার্টিফিকেটের বিপরীতে লিয়েন সুবিধা

ফান্ডের ইউনিট হোল্ডারগণ ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ থেকে তাদের ধারণকৃত ইউনিট সার্টিফিকেট লিয়েন রেখে ঋণ সুবিধা গ্রহণ করতে পারেন। এছাড়া অন্যান্য ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠান থেকেও এ সুবিধা গ্রহণ করতে পারেন।

## এসএমএস এবং ই-স্টেটমেন্ট পরিসেবা

এসএমএস-এর মাধ্যমে ইউনিট সার্টিফিকেট ইস্যু ও বিতরণ, লভ্যাংশ প্রদান, এসআইপি এর কর্তনসহ বিভিন্ন তথ্যাদি বিনিয়োগকারীগণকে অবহিত করা হয়ে থাকে। এছাড়া, ত্রৈমাসিক ভিত্তিতে সংশ্লিষ্ট ফান্ডের পোর্টফলিও, বিনিয়োগকারীগণের চাহিদা অনুযায়ী লেজার স্টেটমেন্ট, বাৎসরিক আয়কর সার্টিফিকেট, বিনিয়োগ সার্টিফিকেট প্রভৃতি ই-মেইলের মাধ্যমে প্রেরণ করা হয়ে থাকে।

## ঝুঁকিসমূহ

রাজনৈতিক ও সামাজিক অস্থিরতা, প্রাকৃতিক দুর্যোগ, মহামারী বা অতিমারী পরিস্থিতি ফান্ডের সম্পদ মূল্যকে প্রভাবিত করতে পারে।

## বিক্রয় প্রতিনিধি

**ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি)** **আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড (আইএএমসিএল)**
**আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড (আইসিএমএল)** **আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড (আইএসটিসিএল)**

| বিক্রয় কেন্দ্র | ঠিকানা |
|---|---|
| প্রধান কার্যালয় | **আইএএমসিএল :** গ্রীন সিটি এজ্ (৫ম তলা), ৮৯, কাকরাইল, ঢাকা-১০০০। ফোন : ০২-৮৩০০৪১২<br>**আইসিবি :** ব্যাংকার টু দ্যা ইস্যু ডিপার্টমেন্ট, বিডিবিএল ভবন (১৭ তলা) ৮, রাজউক এভিনিউ, ঢাকা-১০০০। ফোন : ০২-২২৩৩৮৩৪৯৫<br>**আইসিএমএল ও আইএসটিসিএল :** গ্রীন সিটি এজ্ (৬ষ্ঠ, ৭ম তলা ও ৮ম তলা), ৮৯, কাকরাইল, ঢাকা-১০০০। ফোন : ০২-৮৩০০৫৫৫(আইসিএমএল), ০২-৮৩০০৪৬১(আইএসটিসিএল) |
| লোকাল অফিস | **আইসিবি :** কাশফিয়া প্লাজা (২য় তলা), ৩৫/সি নয়াপল্টন, ভিআইপি রোড, ঢাকা-১০০০। ফোন : ০২-২২২২২৩২৮৮ |
| চট্টগ্রাম শাখা | **আইসিবি :** আয়ুব ট্রেড সেন্টার (১১ তলা) ১২৬৯/বি, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম। ফোন : ০২-৩৩৩৩১৪৮৫১<br>**আইসিএমএল ও আইএসটিসিএল :** আয়ুব ট্রেড সেন্টার (১০ম তলা) শাখা, ১২৬৯/বি, বঙ্গবন্ধু শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম। ফোন : ০২-৩৩৩৩৩০৯৯৭(আইসিএমএল), ০২-৩৩৩৩১৪৭২০(আইএসটিসিএল) |
| রাজশাহী শাখা | **আইসিবি :** আশির্বাদ টাওয়ার (৪র্থ তলা), ৩২, গনকপাড়া, ঘোড়ামারা, বোয়ালিয়া, রাজশাহী। ফোন : ০২-৫৮৮৮৫৪৬৬১<br>**আইসিএমএল ও আইএসটিসিএল :** আশির্বাদ টাওয়ার (৪র্থ তলা), ৩২, গনকপাড়া, ঘোড়ামারা, বোয়ালিয়া, রাজশাহী। ফোন : ০২-৫৮৮৮৬০০৪৮(আইসিএমএল), ০২৪৭-৮১২১৯৪(আইএসটিসিএল) |
| খুলনা শাখা | **আইসিবি :** বিডিবিএল ভবন (৪র্থ তলা), ২৫-২৬, কেডিএ বাণিজ্যিক এলাকা, খুলনা। ফোন : ০২-৪৭৭৭২৫৭৩৪<br>**আইসিএমএল ও আইএসটিসিএল :** বিডিবিএল ভবন (৩য় তলা), ২৫-২৬, কেডিএ বাণিজ্যিক এলাকা, খুলনা। ফোন : ০২-৪৭৭৭২৮০৩৪(আইসিএমএল), ০২-৪৭৭৭২৯০৬৯(আইএসটিসিএল) |
| বরিশাল শাখা | **আইসিবি :** বরিশাল প্লাজা (৩য় তলা), ৮৭-৮৮ হেমায়েত উদ্দিন রোড, বরিশাল। ফোন : ০২-৪৭৮৮৬৩৫৬৪<br>**আইসিএমএল ও আইএসটিসিএল :** বরিশাল প্লাজা (৩য় তলা), ৮৭-৮৮ হেমায়েত উদ্দিন রোড, বরিশাল। ফোন : ০২-৪৭৮৮৬৫৯৩৭(আইসিএমএল), ০২-৪৭৮৮৬৩৩৫৮ (আইএসটিসিএল) |
| সিলেট শাখা | **আইসিবি :** আনন্দ টাওয়ার এন্ড শপিং কমপ্লেক্স (৩য় তলা), ধোপা দিঘীর উত্তরপাড়, জেল রোড, সিলেট। ফোন : ০২- ৯৯৬৬৩১৯৭২<br>**আইসিএমএল ও আইএসটিসিএল :** আনন্দ টাওয়ার কমপ্লেক্স (৩য় তলা), ধোপা দিঘীর উত্তরপাড়, জেল রোড, সিলেট। ফোন : ০২- ৯৯৬৬৩৫৪৩২(আইসিএমএল), ০২-৯৯৬৬৩১০৫১ (আইএসটিসিএল) |
| বগুড়া শাখা | **আইসিবি :** আফছার আলী কমপ্লেক্স (৫ম তলা), রাজা বাজার রোড, বড়গোলা, বগুড়া। ফোন : ০২-৫৮৯৯০৪২২০<br>**আইসিএমএল ও আইএসটিসিএল :** আফছার আলী কমপ্লেক্স (৪র্থ তলা), বড়গোলা, রাজা বাজার রোড, বগুড়া। ফোন : ০৫১-৭৮২৮০(আইসিএমএল), ০২- ০৫১৭-৮২৮৫ (আইএসটিসিএল) |
| উত্তরা শাখা | **আইসিএমএল ও আইএসটিসিএল :** প্লট # ১৩ (৩য় তলা), রোড # ১৪/এ, সেক্টর # ৪, উত্তরা, ঢাকা-১২৩০। ফোন : ০২-৫৮৯৫৫৬৭৯(আইসিএমএল), ০২-৫৮৯৫০৭৮০(আইএসটিসিএল) |
| গাজীপুর শাখা | **আইসিএমএল :** রহমত টাওয়ার (৩য় তলা), চন্দ্রা চৌরাস্তা, গাজীপুর-১৭০২। ফোন : ০২-৯২৬৩৭৩২ |

**"পুঁজিবাজারে বিনিয়োগ ঝুঁকিপূর্ণ। জেনে ও বুঝে বিনিয়োগ করুন"**

# আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড

গ্রীন সিটি এজ (৫ম তলা), ৮৯, কাকরাইল, ঢাকা-১০০০

ফোন : +৮৮-০২-৮৩০০৪১২, ফ্যাক্স : +৮৮-০২-৮৩০০৪১৬

E-mail : info@icbamcl.com.bd, Website : www.icbamcl.com.bd